# পিএইচ. ডি. কোর্স ওয়ার্ক পরীক্ষা ২০১৯
## বাংলা
## কোর্স -১
## (গবেষণার পদ্ধতি ও প্রকরণ)

সময়: ৪ ঘণ্টা | পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর করতে হবে। ২×১৫=৩০

ক) গবেষণাপত্র রচনার সময় বানানের ক্ষেত্রে কী কী সতর্কতা অবলম্বন করতে হবে তা বিস্তারিত লিখুন।

খ) আখ্যাপত্র রচনার পদ্ধতি উল্লেখ করুন। সেই সঙ্গে আদর্শ আখ্যাপত্র প্রস্তুত করুন।

গ) ক্ষেত্রসমীক্ষা সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করুন।

ঘ) পুথিপাঠ করার সময় পুথির কালনির্ণয়ের পদ্ধতি সম্পর্কে জানান।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) অনুচ্ছেদ ছাড় কী?

খ) বিসর্গ-কোলনের পার্থক্য দেখান।

গ) 'কি' ও 'কী'-এর ব্যবহার কখন কীভাবে হয়?

ঘ) বঙ্গীয় সাহিত্য পরিষদের পূর্বনাম কী ছিল?

ঙ) 'সাহিত্যপ্রকাশিকা-র প্রথম খণ্ডের সম্পাদক কে?

৩। যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দিন। ৬×৫=৩০

ক) উদ্ধৃতিচিহ্নের মধ্যে তৃতীয় বন্ধনীর ব্যবহার করা যায় কিনা।

খ) সংস্করণ ও মুদ্রণের পার্থক্য।

গ) অন্ত্যটীকা ও গ্রন্থপঞ্জির পার্থক্য।

ঘ) এক বিন্দু ও ত্রিবিন্দু চিহ্নের ব্যবহার গবেষণাপত্রে কখন এবং কীভাবে করা হয়?

ঙ) বিরামচিহ্নের যথাযথ ব্যবহার সম্বন্ধে লিখুন।

চ) ক্ষেত্রসমীক্ষার জন্য প্রশ্নমালা কীভাবে তৈরি করা হয়?

ছ) ক্ষেত্রসমীক্ষার পূর্ব প্রস্তুতি বিষয়ে লিখুন।

জ) কাকপদ ও তোলাপাঠ কাকে বলে?

ঝ) কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা ও সাহিত্যের গবেষণাভাবনা বিস্তারে দীনেশচন্দ্র সেনের ভূমিকা আলোচনা করুন।

৪। ক এবং খ প্রশ্নের উত্তরদান আবশ্যিক (এই বিষয়টি উত্তরপত্রের সঙ্গে যুক্ত করতে হবে): ২×৫=১০

ক) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন।

মূল কপি:

বাংলাদেশের রাজনৈতিক আকাশে যখন মেঘোদয়, ছায়াচ্ছন্ন পল্লীজীবনেও তখন ভাঙন ধরেছে। আগেকার রাজসভাগুলি ভেঙে যাচ্ছে। রবীন্দ্রনাথ "কবি সংগীত" প্রবন্ধে বলেছেন, আগে সাহিত্যে গান গাওয়া হত দেবতার সম্মুখে নয়, রাজার সম্মুখে। স্বভাবতই কবির আদর্শও ছিল দুরূহ।

প্রুফ:

বাংলাদেশের রাজনৈতিক আকাশে যখন মেঘোদয়, ছায়াচ্ছন্ন, পল্লীজীবনেও তখন ভাঙন ধরেছে। আগেকার রাজসভাগুলি ভেঙ্গে যাচ্ছে। রবীন্দ্রনাথ 'কবি সংগীত' প্রবন্ধে বলেছেন, আগে সাহিত্যে গান গাওয়া হত দেবতার সম্মুখে নয়, রাজার সম্মুখে। স্বভাবতই কবির আদর্স ছিল দুরূহ।

P.T.O.

খ) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন।

মূল কপি:

কহিল কঞ্চির বেড়া, ওগো পিতামহ
বাঁশবন, নুয়ে কেন পড় অহরহ?
আমরা তোমারি বংশে ছোটো ছোটো ডাল,
তবু মাথা উঁচু করে থাকি চিরকাল।

প্রুফ:

কহিল কঞ্চির বেড়া, ওগো মাতামহ
বাঁশবন, নুয়ে কেন পড় অহরহ!
আমরা তোমার বংশে ছোটো ছোট ডাল,
তবু মাথা উচু করে থাকি চিরকার।

---

# পিএইচ. ডি. কোর্স ওয়ার্ক পরীক্ষা ২০১৯
## বাংলা
## কোর্স - ২ (ঐচ্ছিক)
## ( লোকসংস্কৃতি ও ক্ষেত্রসমীক্ষা )

সময়: ৩ ঘণ্টা — পূর্ণমান: ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

### একক-১

১। ক) লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ ও শ্রেণিবিভাগ করে যে-কোনো একটি শ্রেণি সম্পর্কে আলোকপাত করুন। ১+২+১+৬=১০

অথবা

খ) লোকসংস্কৃতি চর্চার ক্ষেত্রে তুলনামূলক পদ্ধতির গুরুত্ব আলোচনা করুন। ১০

অথবা

গ) 'লোকসংস্কৃতি আন্তর্বিদ্যামূলক শৃঙ্খলা' – আলোচনা করুন। ১০

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) ফোকলোর-এর দুটি বাংলা পরিভাষা ও সেই পরিভাষা প্রণেতার নাম লিখুন।

খ) লোকসাহিত্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

গ) দুটি মিশ্রশিল্প (Composite Art)-এর নাম লিখুন।

ঘ) পরিশীলিত সাহিত্যের সঙ্গে লোকসাহিত্যের দুটি বৈসাদৃশ্য উল্লেখ করুন।

ঙ) 'Folkloristics' শব্দটি কে কবে প্রথম ব্যবহার করেন?

### একক-২

৩। ক) লোকসাহিত্যের সংজ্ঞা, স্বরূপ ও শ্রেণিবিভাগ করে যে-কোনো একটি শ্রেণিসম্পর্কে আলোকপাত করুন। ১+২+১+৬=১০

অথবা

খ) গীতিকা কাকে বলে? যে-কোনো একটি পশ্চিমবঙ্গ গীতিকার নারী চরিত্র বিষয়ে আলোচনা করুন।

অথবা

গ) লোককথা সংগ্রহের ইতিহাস সংক্ষেপে আলোচনা করুন। ১০

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) 'মৈমনসিংহ গীতিকা' গ্রন্থটি কার সম্পাদনায় কোথা থেকে প্রকাশিত হয়?

খ) 'মনোহর ফেসরার পালা' কোন্ অঞ্চলের গান?

গ) চন্দ্রকুমার দে কোন্ অঞ্চল থেকে তাঁর পালাগুলি সংগ্রহ করেন?

ঘ) লোকসংগীতের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

ঙ) 'ছেলেভুলানো ছড়া'র দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

### একক-৩

৫। ক) গুরুসদয় দত্ত রায়বেঁশে লোকনৃত্য চর্চার মাধ্যমে লোকায়ত ঐতিহ্যের পুনরুদ্ধার ও দেশগঠন দুইই করতে চেয়েছিলেন। আলোচনা করুন। ১০

অথবা

খ) বাংলার পট শিল্প বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

P.T.O.

অথবা

গ) বাংলার অভিকরণমূলক শিল্পের বিভিন্ন ধারা সম্পর্কে আলোকপাত করুন। ১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) দুজন বিখ্যাত ছৌ নাচ শিল্পীর নাম লিখুন।

খ) রায়বেঁশে নাচের চর্চা আছে এমন দুটি গ্রামের নাম লিখুন।

গ) ভাদু ও টুসু পুজোর সময় কাল কী?

ঘ) লোকনৃত্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

ঙ) রবীন্দ্রনাথের প্রিয় দুজন বাউল গান রচয়িতার নাম লিখুন।

--------

# পিএইচ. ডি. কোর্স ওয়ার্ক পরীক্ষা ২০১৯

## বাংলা

## কোর্স -২ (ঐচ্ছিক)

## ( কথাসাহিত্য )

পূর্ণমান: ৮০

সময়: ৪ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

### একক-১

১। ক) আখ্যানতত্ত্ব ও উপন্যাসতত্ত্বের মধ্যে একটি সংক্ষিপ্ত তুলনামূলক আলোচনা করুন। আখ্যানের আঙ্গিক প্রকরণগত আলোচনার সাহায্যে কীভাবে কোনো পাঠ্যের নতুন পাঠ-সম্ভাবনা সূচিত হতে পারে তা দৃষ্টান্তসহ দেখান। ৪+৬=১০

অথবা

খ) ইংরেজি ভাষায় বাখতিনের তত্ত্ব অনূদিত হওয়ার আগে ওই ভাষায় যে-সব উপন্যাসতত্ত্বের বই প্রকাশিত হয়েছিল তার সংক্ষিপ্ত আলোচনা করুন। সেই তত্ত্বগ্রন্থগুলির মধ্যে ভাবীকালের আখ্যানতত্ত্বের কোনো সম্ভাবনা নিহিত ছিল কি না সে বিষয়ে আলোকপাত করুন। ৭+৩=১০

অথবা

গ) আখ্যানের 'প্লট' সম্পর্কে একটি বিস্তৃত টীকাভাষ্য প্রস্তুত করুন। ১০

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) সরল ও পন্থাকার প্লটবিশিষ্ট দুটি বাংলা উপন্যাসের নাম লিখুন।

খ) 'Narratologie' শব্দটি কে, কোথায় প্রথম ব্যবহার করেন?

গ) 'I was really born in 1737... I am obsessed with time'. – কথাটি কে বলেছিলেন? তাঁর লেখা উপন্যাসতত্ত্ব বিষয়ক বিখ্যাত বইটির নাম কী?

ঘ) 'Implied Author' ধারণাটির প্রস্তাবক কে? কোন্ বইতে তিনি এই ধারণাটি ব্যক্ত করেছিলেন?

ঙ) ফরস্টারের কোন্ বইতে কোন্ অধ্যায়ে 'প্লট' শিরোনামের একটি অধ্যায় রয়েছে?

### একক-২

৩।ক) 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' – এই সমালোচনা গ্রন্থে আলোচক শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় কোন ধরনের সমালোচনা পদ্ধতি গ্রহণ করেছেন? এই গ্রন্থে আলোচিত বঙ্কিমচন্দ্র অথবা রবীন্দ্রনাথের যে-কোনো একটি উপন্যাসের সমালোচনাধারা সম্পর্কে লিখুন। ২+৮=১০

অথবা

খ) সরোজ বন্দ্যোপাধ্যায় তাঁর 'বাংলা উপন্যাসের কালান্তর' গ্রন্থে উপন্যাসের শিল্পরূপের বৈশিষ্ট্য প্রসঙ্গে যে কথাগুলি বলেছেন – তা আলোচনা করুন। ১০

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) 'সাহিত্যে ছোটগল্প' বইটি লেখক কাকে উৎসর্গ করেছেন? বইটির প্রকাশ কত সালে হয়?

খ) দু-জন বাঙালি মার্কসবাদী কথাসাহিত্য সমালোচকের নাম লিখুন।

গ) 'বঙ্গ সাহিত্যে উপন্যাসের ধারা' কবে কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হতে শুরু করে?

ঘ) এমিল জোলা এবং আর্নেষ্ট হেমিংওয়ের দেশের নাম লিখুন।

ঙ) বোকাচ্চিয়ো কোন দেশের লেখক? তাঁর রচিত একটি গল্পগ্রন্থের নাম লিখুন।

### একক-৩

৫। ক) দ্বিতীয় মহাযুদ্ধের প্রেক্ষাপটে লিখিত বাংলা উপন্যাস ও ছোটোগল্প বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করুন। ১০

অথবা

খ) বাংলা কথাসাহিত্যে দেশভাগের ঘটনার প্রতিফলন কীভাবে পরিলক্ষিত হয় – তা লিখুন। ১০

অথবা

গ) বাংলা কথাসাহিত্যে মন্বন্তরের প্রতিফলন কীভাবে ঘটেছে আলোচনা করুন। ১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) 'আগুন' এবং 'দুঃখীর ইমান' নাটক দুটির রচনাকার কে কে?

খ) বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে লেখা নারায়ণ গঙ্গোপাধ্যায়ের দুটি গল্পের নাম লিখুন।

গ) মন্বন্তরের প্রেক্ষাপটে লেখা দুটি বাংলা ছোটো গল্পের নাম লিখুন।

ঘ) 'সৈনিক' উপন্যাসটি কার লেখা? কত সালে তা প্রকাশিত হয়?

ঙ)'গণনায়ক' গল্পটির রচয়িতা কে? তাঁর লেখা আর একটি ছোটোগল্পের নাম লিখুন।

একক-৪

৭। ক) পাশ্চাত্য নভেলের নানা মডেল কীভাবে বাংলা উপন্যাসের গঠনকে নানা সময় প্রভাবিত করেছে তা আলোচনা করুন। ১০

অথবা

খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসে নভেলের শরীরে দেশজ প্রকরণের মিশেল ঘটেছে। আলোচনা করুন। ১০

অথবা

গ) ইসমত চুঘতাই তাঁর 'ননহে' গল্পে কীভাবে দাঙ্গার বিরুদ্ধে সাম্প্রদায়িক সম্প্রীতিকে হাতিয়ার করে তুলেছেন — তা আলোচনা করুন। ১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) বঙ্কিমের 'রজনী' উপন্যাসের কথনরীতিতে কার কোন্ নভেলের প্রভাব আছে?

খ) বঙ্কিমচন্দ্র রচিত প্রথম উপন্যাসের নাম কী? কোথায় সেটি প্রকাশিত হয়েছিল?

গ) সাদাত হাসান মান্টো ও ইসমত চুঘতাই-এর গল্প অবলম্বনে নির্মিত দুটি চলচ্চিত্রের নাম লিখুন।

ঘ) সাম্প্রদায়িক দাঙ্গা ও উদ্বাস্তু সমস্যা নিয়ে নির্মিত দুটি ভারতীয় ছবির নাম লিখুন।

ঙ) মান্টো ও চুঘতাইয়ের গল্প অনুবাদ করেছেন এমন দুজন লেখকের নাম লিখুন।

———